

তারিখ: ২০ নভেম্বর ২০২২

সকল সদস্য

বাংলাদেশ স্থপতি ইনস্টিটিউট

বিষয়: বাংলাদেশ স্থপতি ইনস্টিটিউট এর ২৫তম নির্বাহী পরিষদ ও ১১তম শাখা কমিটি নির্বাচনের চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ প্রসঙ্গে।

প্রিয় সদস্য,

বাংলাদেশ স্থপতি ইনস্টিটিউট এর নির্বাচন কমিশনের পক্ষ হতে শুভেচ্ছা!

আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নির্বাচন কমিশন কর্তৃক গত ১ অক্টোবর ২০২২ তারিখে নির্বাচনী তফসিল ঘোষণা করে, নভেম্বর ৫ তারিখ হতে নভেম্বর ৯ তারিখ পর্যন্ত প্রার্থীগণকে মনোনয়ন পত্র সংগ্রহ করে তা ১০ নভেম্বর ২০২২ তারিখে বাসুই কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ জানানো হয়েছিল। এই অনুরোধের প্রেক্ষিতে প্রার্থীগণ মোট ৫৭টি মনোনয়ন পত্র সংগ্রহ করেন।

১০ নভেম্বর ২০২২ তারিখ ছিল মনোনয়ন পত্র দাখিল করার নির্ধারিত দিন। ঐ দিন সংগ্রহকারী বেশীরভাগ সদস্যই তাঁদের মনোনয়ন পত্র দাখিল করেছিলেন। পরবর্তীতে ১৭ নভেম্বর ২০২২ তারিখ মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিনে অনেকেই তাঁদের মনোনয়ন প্রত্যাহার করে নিয়েছিলেন। পূর্ণ হিসাব নিচের ছকে প্রদান করা হলো।

ক্র.নং	পদের নাম	মনোনয়ন পত্র সংগ্রহ	মনোনয়ন পত্র দাখিল	মনোনয়ন পত্র প্রত্যাহার	চূড়ান্ত প্রার্থী
০১	সভাপতি	০৬	০৬	০৩	০৩
০২	সহ-সভাপতি (জাতীয় বিষয়াদি)	০৫	০৫	০৩	০২
০৩	সহ-সভাপতি (আন্তর্জাতিক সম্পর্ক)	০৫	০৪	০২	০১*
০৪	সাধারণ সম্পাদক	০৪	০২	০২	০২
০৫	সহ-সাধারণ সম্পাদক	০৩	০২	০১	০১
০৬	কোষাধ্যক্ষ	০৫	০৪	০২	০২
০৭	সম্পাদক (শিক্ষা)	০৫	০৪	০২	০২
০৮	সম্পাদক (পেশা)	০২	০২	০	০২
০৯	সম্পাদক (সদস্যপদ)	০৪	০৪	০২	০২
১০	সম্পাদক (প্রকাশনা ও প্রচার)	০৪	০৪	০২	০২
১১	সম্পাদক (সেমিনার ও কনভেনশন)	০২	০২	০	০২
১২	সম্পাদক (ঐতিহ্য ও সংস্কৃতি)	০৬	০৩	০২	০১
১৩	সম্পাদক (পরিবেশ ও নগরায়ন)	০৬	০৬	০২	০৪
	মোট	৫৭	৪৮	২৩	২৬

- চূড়ান্ত বাছাইয়ে একজনের মনোনয়ন বাতিল হয়েছে



IAB CENTRE
Plot 11, Block E
Sthapatyacharjo Muzharul Islam
Sarani (Old Road No. 7)
Agargaon, Sher-e-Bangla Nagar
Dhaka 1207, Bangladesh

MEMBER INSTITUTE
SAARCH
SAARC
Association of Architects

ARCASIA
Architects
Regional Council Asia

CAA
Commonwealth
Association of Architects

NATIONAL SECTION
UIA
Union International
Des Architects

১৭ নভেম্বর ২০২২ তারিখে বাস্তব নির্বাচন কমিশন দাখিলকৃত মনোনয়ন পত্রসমূহ যাচাই-বাছাই করে সহ-সভাপতি (আন্তর্জাতিক সম্পর্ক) পদে দাখিলকৃত একটি মনোনয়ন পত্র, গঠনতন্ত্রে উল্লিখিত শর্ত পালিত না হওয়ায় বাতিল ঘোষণা করেন।


একইভাবে চট্টগ্রাম শাখা কমিটির নির্বাচনে সদস্য (ঐতিহ্য ও সংস্কৃতি) পদে দাখিলকৃত একটি মনোনয়ন পত্র, সংবিধানের আলোকে বাতিল ঘোষণা করার পর, চূড়ান্ত প্রার্থী তালিকা প্রস্তুত করা হয়েছে।

ঢাকা ও চট্টগ্রাম শাখা কমিটির চূড়ান্ত প্রার্থী তালিকা, এতদসঙ্গে সংযুক্তি আকারে প্রেরণ করা হলো।

চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশের প্রেক্ষিতে এখন থেকে প্রার্থীগণ প্রচারণা শুরু করতে পারবেন। পূর্ববর্তী প্রকাশিত তফসিল অনুযায়ী আগামী নভেম্বর ২৬, ২০২২ তারিখ, শনিবার, বিকাল ৩-০০ টায় ঢাকায় এবং নভেম্বর ২৯, ২০২২ তারিখ, মঙ্গলবার, সন্ধ্যা ৬-০০ টায় চট্টগ্রামে প্রার্থী পরিচিতি সভা অনুষ্ঠিত হবে।

আপনারা সকলে উক্ত প্রার্থী পরিচিতি সভায় আমন্ত্রিত।

ধন্যবাদান্তে,



স্থপতি মোঃ আনোয়ার হোসাইন
প্রধান নির্বাচন কমিশনার
বাস্তব নির্বাচন ২০২২
বাংলাদেশ স্থপতি ইন্সটিটিউট

সংযুক্তি:

নির্বাহী পরিষদ এর চূড়ান্ত প্রার্থী তালিকা
চট্টগ্রাম শাখা কমিটির চূড়ান্ত প্রার্থী তালিকা

 +880 2 55007195-96
 mail@iab.com.bd
 www.iab.com.bd
 /IArchBD
 /ofIArchBD
 /InstituteofArchitectsBangladesh
 /iarchbd



IAB CENTRE
Plot 11, Block E
Sthapatyacharjo Muzharul Islam
Sarani (Old Road No. 7)
Agargaon, Sher-e-Bangla Nagar
Dhaka 1207, Bangladesh

MEMBER INSTITUTE

 **SAARCH**
SAARC
Association of Architects

 **ARCASIA**
Architects
Regional Council Asia

 **CAA**
Commonwealth
Association of Architects

NATIONAL SECTION

 **UIA**
Union International
Des Architects